# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৩৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৩৮]

পর্ব-২: পানির বিবরণ (كِتَاب الْمِيَاهِ)

পরিচ্ছেদঃ ৭: কোন পাত্রে কুকুরের মুখ দেয়ার দরুন তা মাটি দিয়ে ঘষে নেয়া

بَاب تَعْفِيرِ الْإِنَاءِ بِالتُّرَابِ مِنْ وُلُوغِ الْكَلْبِ فِيهِ

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ يَزِيدَ، قال: حَدَّثَنَا بَهْزُ بْنُ أَسَدٍ، قال: حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ أَبِي التَّيَّاحِ يَزِيدَ بْنِ حُمَيْدٍ، قال: سَمِعْتُمُطَرِّفًا يُحَدِّثُ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُغَفَّلٍ، قال: أَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِقَتْلِ الْكِلَابِ، قَالَ: مَا بَالُهُمْ وَبَالُ الْكِلَابِ ؟ قَالَ: وَرَخَّصَ فِي كَلْبِ الصَّيْدِ وَكَلْبِ الْغَنَمِ . وَقَالَ: إِذَا وَلَغَ الْكَلْبُ فِي الْإِنَاءِ، فَاغْسِلُوهُ سَبْعَ مَرَّاتٍ وَعَفِّرُوا الثَّامِنَةَ بِالتُّرَابِ . خَالَفَهُ أَبُو هُرَيْرَةَ، فَقَالَ: إِحْدَاهُنَّ بِالتُّرَابِ.

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٦٧ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 338 - صحيح

বাংলা

৩৩৭. ’আমর ইবনু ইয়াযীদ (রহ.) ..... ’আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) কুকুর হত্যার নির্দেশ দিয়েছেন। তিনি বলেছেন, তাদের সঙ্গে কুকুরের কি সম্পর্ক? ’আবদুল্লাহ বলেন, তিনি (সা.) শিকারের কুকুর ও বকরী পালের (পাহারার জন্য) কুকুর পোষার অনুমতি দিয়েছেন। তিনি এটিও বলেছেন, যখন কুকুর পাত্রে মুখ দেয় তখন তা সাতবার ধুয়ে নিবে আর অষ্টমবার মাটি দিয়ে ঘষে নিবে। আবূ হুরায়রাহ্ (রাঃ)-এর বর্ণনা আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ)-এর বর্ণনা হতে অন্য রকম। তিনি বলেছেন, তারপর রাসূলুল্লাহ (সা.) বলেছেন: তন্মধ্যে যে কোন একবার মাটি দিয়ে ঘষে নিবে।

## English

7. Rubbing A Vessel Licked By A Dog With Dust

It was narrated that 'Abdullah bin Mughaffal said: The Messenger of Allah (ﷺ) commanded that dogs be killed. He said: 'What do they have to do with dogs?' And he granted a concession regarding hunting dogs and sheepdogs. And he said: 'If a dog licks a vessel, wash it seven times, and rub it the eighth time with dust.' Abu Hurairah differed from him and said: 'Rub it one time with dust.'

## ফুটনোট

সহীহ: মুসলিম ২৮০, আবূ দাউদ ৭৪, ইবনু মাজাহ ৩৬৫, দারিমী ৭২৭। [দ্রঃ ৬৭]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86608

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন